

হাবিপ্রবির আর্থিক ও প্রশাসনিক দায়িত্বে হাসান ফুয়াদ

দিনাজপুর
প্রতিনিধি

০৩ সেপ্টেম্বর,
২০২৪ ২৩:১৮

শেয়ার

অ +

অ -



কীটতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. হাসান ফুয়াদ এল তাজ। ছবি : সংগৃহীত

শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কীটতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. হাসান ফুয়াদ এল তাজকে প্রশাসনিক

ও আর্থিক দায়িত্ব দেয়া হয়েছে।

মঙ্গলবার (৩ সেপ্টেম্বর) হাবিপ্রবির সকল অনুষদের ডিনদের মিটিংয়ে এ সিদ্ধান্ত নেয়ার কথা জানানো হয়।

অতিরিক্ত রেজিস্ট্রার (সংস্থাপন) মো. মজিবর রহমান স্বাক্ষরিত এক অফিস আদেশে রাত সোয়া ৯ টার সময় হাবিপ্রবির জনসংযোগ ও প্রকাশনা শাখা থেকে সংবাদ মাধ্যমে পাঠানো প্রেস বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

অফিস আদেশে বলা হয়, শিক্ষামন্ত্রণালয়ের চিঠি অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের ডীনবৃন্দের সভার সিদ্ধান্ত অনুযায়ী নিয়মিত ভাইস-চ্যান্সেলর নিয়োগ না হওয়া পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয়ের কীটতত্ত্ব বিভাগের প্রফেসর ড. হাসান ফুয়াদ এল তাজ সাময়িকভাবে জরুরি আর্থিক ও প্রশাসনিক দায়িত্ব পালন করিবেন।